মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৪/০৫/২০২১ ইং তারিখ রোজ রবিবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে করোনা কালীন সময়ে নারী ও শিশুদের সুরক্ষা রাখার জন্য প্রচারণা প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২১/০৪/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে করোনা কালীন সময়ে নারী ও শিশুদের সুরক্ষা রাখার জন্য প্রচারণা প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, বর্তমানে করোনা ভাইরাসের কারণে মেহেরপুর শহর তথা পুরা জেলা এক ভয়ঙ্কর পরিস্থিতি রয়েছে। আমাদের পাশেই ভারতের অবস্থান বা সীমান্তবর্তী এলাকা হওয়ার কারণে এই পরিস্থিতি আরোও ভয়ঙ্কর হতে পারে। তাই সচেতনতা ও সুরক্ষিত থাকাই একমাত্র উপায়। তিনি মেয়র মহোদয়ের নিকট অনুরোধ করেন যাতে এই মহামারী কালীন সময়ে জনগণের মাঝে ব্যাপক প্রচারের মাধ্যমে করোনা ভাইরাস থেকে আমরা যাতে মুক্ত থাকতে পারি। মেয়র মহোদয় সভায় বলেন, মেহেরপুর পৌরসভায় করোনা ভাইরাসের মোকাবেলায় সচেতনতা মূলক প্রচারণা অব্যহত আছে। প্রতিদিন নিয়োমিত পৌরসভার সাউন্ড সিস্টেমের মাধ্যমে প্রচারণা করা হচ্ছে। এছাড়া পৌরসভার সমস্ত ট্রেনিং ও মিটিংএ করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এবং এর থেকে	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	পরিত্রাণের বিষয়ে প্রচার করা হচ্ছে। এছাড়া বিল বোর্ড, লিফলেট ও ফেষ্টুন করে করোনা ভাইরাসের বিভিন্ন দিক ও এর প্রতিকার সম্পর্কে প্রচারণা করা হচ্ছে। এছাড়া করোনা আক্রান্ত প্রতিটি রোগী ও তার পরিবার যাতে সুস্থ হওয়া পর্যন্ত কোরেনটাইনে থাকতে পারে সে জন্য তাদের খাবার ও নগত অর্থ সহায়তা দেয়া হচ্ছে। এবং যতদিন পর্যন্ত এই ভাইরাসের প্রাদুর্ভাব থাকবে ততদিন পর্যন্ত এই প্রচারণা অব্যহত।	
বিবিধ	জনাবা মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর, ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত), মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, বর্তমানে করোনা পরিস্থিতির কারণে অনেক দারিদ্র ও দিন এনে দিনে খায় এমন পরিবার সমস্যার মধ্যে দিনাতিপাত করছে। অনেকের কাজ না থাকায় খাবারের সমস্যা হচ্ছে। এই সমস্ত পরিবারকে কিছু খাবার ও অর্থিক সহায়তা দেওয়ার জন্য মেয়র মহোদয়ের নিকট অনুরোধ করেন। মেয়র মহোদয় বলেন, তিনি বরাবরই করোনা ভাইরাসের কারণে কাজ হারানো পরিবার ও অসহায় দারিদ্রদের মাঝে খাদ্য সহায়তা ও অর্থিক সহায়তা প্রদান করে যাচ্ছেন। এছাড়া সরকারী ভাবে বরাদ্দপ্রাপ্ত খাদ্যও প্রতিটি দারিদ্র মানুষের বাড়িতে পৌছিয়ে দেওয়া হচ্ছে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

হামিদা

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৪/০৫/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	শিউলী
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	২৪/০৫/২১
৮			
৯			